



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
নরসিংদী সদর, নরসিংদী।



“বিজ্ঞপ্তি”

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইউনিয়ন পর্যায়ে খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় হতদরিদ্রদের মধ্যে সরকার নির্ধারিত মূল্যে খাদ্য সহায়তার লক্ষ্যে কার্ডের মাধ্যমে খাদ্যশস্য বিক্রির কার্যক্রম পরিচালনার জন্য নরসিংদী সদর উপজেলার চিনিশপুর ইউনিয়নের সঞ্জীতা বাজারে ০১ (এক) জন এবং আমদিয়া ইউনিয়নের পাইকারদী বাজারে ০১ (এক) জন করে সর্বমোট ০২ (দুই) জন ডিলার নিয়োগের নিমিত্তে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। ইচ্ছুক আবেদনকারীগণকে নিম্ন স্বাক্ষরকারীর বরাবরে অফিস চলাকালীন সময়ে প্রয়োজনীয় কাগজপত্র সহ আগামী ২০-০৭-২০২২ খ্রি. তারিখের মধ্যে আবেদনপত্র দাখিলের জন্য অনুরোধ করা হল।

শর্তাবলী:-

- আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়নের বাসিন্দা হতে হবে এবং আবেদনপত্রের সাথে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদ পত্র সংযুক্ত করতে হবে।
- দোকানের মেঝে অবশ্যই পাকা হতে হবে এবং পণ্য নিরাপদ সংরক্ষণের উপযোগী হতে হবে।
- মাসিক বরাদ্দকৃত সম্পূর্ণ চাল ধারণ ক্ষমতাসম্পন্ন দোকানে ডিলারকে উক্ত চাল সংরক্ষণের সু-ব্যবস্থা করতে হবে।
- ডিলারকে ইউনিয়ন পরিষদের ট্রেড লাইসেন্সধারী ব্যবসায়ী হতে হবে এবং আবেদনপত্রের সাথে ট্রেড লাইসেন্স এর কপি সংযুক্ত করতে হবে।
- আবেদনপত্রের সাথে NID বা জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ডিলারকে আর্থিক দিক থেকে স্বচ্ছল ও মালামালের হিসাব সংরক্ষণে সক্ষম হতে হবে।
- একই ব্যক্তি খাদ্য বিভাগে একাধিক ক্ষেত্রে ডিলার হতে পারবেন না।
- ডিলার নিয়োগ হলে তাকে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নরসিংদী সদর বরাবরে ২০,০০০/- (বিশ হাজার) টাকার ফেরতযোগ্য জামানত (পে- অর্ডার আকারে) এবং ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা জমা দিতে হবে।

মুহাম্মদ আলমগীর হোসেন
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
নরসিংদী সদর, নরসিংদী।
ফোনঃ ০২-৯৪৬২৬৯৫

E-mail: ucf.nsdasadar@gmail.com

স্মারক নং-১৩.০২.৬৮৬০.০০৪.৫৭.০০৩.১৭.৫৫২(১৪)

তারিখ: ০৬-০৭-২০২২ খ্রি.

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও বহল প্রচারের জন্য:- (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

- মাননীয় সংসদ সদস্য, নরসিংদী নির্বাচনী এলাকা-০১ ও প্রধান উপদেষ্টা, উপজেলা খাদ্য বান্ধব কমিটি।
- উপজেলা চেয়ারম্যান, নরসিংদী সদর, নরসিংদী ও উপদেষ্টা, উপজেলা খাদ্য বান্ধব কমিটি।
- জেলা খাদ্য নিয়ন্ত্রক, নরসিংদী।
- উপজেলা নির্বাহী অফিসার, নরসিংদী সদর, নরসিংদী ও সভাপতি উপজেলা খাদ্য বান্ধব কমিটি।
- উপজেলা ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), নরসিংদী সদর, নরসিংদী ও সদস্য, উপজেলা খাদ্য বান্ধব কমিটি।
- উপজেলা কৃষি কর্মকর্তা, নরসিংদী সদর, নরসিংদী ও সদস্য উপজেলা খাদ্য বান্ধব কমিটি।
- উপজেলা সমাজসেবা কর্মকর্তা, নরসিংদী সদর, নরসিংদী ও সদস্য উপজেলা খাদ্য বান্ধব কমিটি।
- উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, নরসিংদী সদর, নরসিংদী ও সদস্য উপজেলা খাদ্য বান্ধব কমিটি।
- উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নরসিংদী সদর, নরসিংদী ও সদস্য উপজেলা খাদ্য বান্ধব কমিটি।
- উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নরসিংদী সদর, নরসিংদী ও সদস্য উপজেলা খাদ্য বান্ধব কমিটি।
- জনাব বাদল কুমার সাহা, জেলা প্রতিনিধি, দৈনিক ভোরের কাগজ ও সদস্য উপজেলা খাদ্য বান্ধব কমিটি।
- চেয়ারম্যান, চিনিশপুর/ আমদিয়া, ইউনিয়ন পরিষদ, নরসিংদী সদর, নরসিংদী ও সভাপতি, ইউনিয়ন খাদ্য বান্ধব কমিটি।
- সচিব, চিনিশপুর/ আমদিয়া ইউনিয়ন পরিষদ, নরসিংদী সদর, নরসিংদী ও সদস্য-সচিব ইউনিয়ন খাদ্য বান্ধব কমিটি।
- নোটিশবোর্ড

মুহাম্মদ আলমগীর হোসেন
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
নরসিংদী সদর, নরসিংদী।